স্পিকিং-এ, রিডিং-এ, রাইটিং-এ, লিসেনিং-এ,
স্পেলিং-এ, গ্রামার-এ, স্ট্রাকচার-এ, তথা

# ইংলিশে

# যিরো ^থেকে Hero

[ হওয়ার **মজবুত** ফাউন্ডেশন ]

---


## Saifur Rahman Khan


" যেভাবে **শিখেছি** বাংলা, **সেভাবে** শিখবো **ইংলিশ** "

**- এই যুগান্তকারী পদ্ধতির উদ্ভাবক।**

# শব্দের অর্থ বুঝতে গ্রামার লাগে না !

১. প্রশ্ন | উত্তর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ইংরেজি বাক্য : | WHAT | IS | THIS | ? | It | is | a | pen. |
| উচ্চারণ : | হোয়াট্ | ইয্ | দিস্ | ? | ইট্ | ইয্ | আ | পেন্। |
| শব্দের আলাদা আলাদা অর্থ : | কী | হয় | এটা | ? | এটি | হয় | একটি | কলম |

উপরের বাক্যের শব্দগত অর্থ : কী হয় এটা ? | এটি হয় একটি কলম।

প্রশ্নের সাবলীল বাংলা: এটা কী ?

উত্তরের সাবলীল বাংলা: এটি একটি কলম।

*** লক্ষ্য করুন:**

**Pen-এর জায়গায় আগের পেজে দেয়া বিভিন্ন জিনিসের নাম ব্যবহার করে বুঝে বুঝে তিনবার বাক্যগুলো জোরে জোরে বলুন।**

বাংলা ভাষায় অক্ষর হলো ৫২-টি,
**অথচ, ইংলিশে A, B, C...**
অক্ষর হলো মাত্র ২৬-টি।
**তার মানে, ইংরেজি ভাষা আসলে সহজ।**

বাক্যগুলো **তিনবার করে লিখো + পড়ো !**

| ইংরেজি বাক্য | → বাংলা অর্থ |
|---|---|
| It is a chair. | এটি একটি চেয়ার। |
| It is an Eid card. | এটি একটি ঈদ কার্ড। |
| It is a door. | এটি একটি দরজা। |
| It is a computer. | এটি একটি কম্পিউটার। |
| It is a mobile phone. | এটি একটি মোবাইল ফোন। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ইংরেজি বাক্যের অংশ : | IS | THIS ? | → | THIS | IS |
| উচ্চারণ : | ইয্ | দিস্ ? | | দিস | ইয্ |
| শব্দের আলাদা আলাদা অর্থ : | হয় | এটা ? | | এটা | হয় |

২. প্রশ্ন **IS THIS A PEN ?** উত্তর Yes, it is a pen.

ইয় দিস্ আ পেন্ ? — ইয়েস্, ইট্ ইয্ আ পেন।

**এটি কি** একটি কলম ? — হ্যাঁ, এটি হয় একটি কলম।

প্রশ্নের সাবলীল বাংলা: এটি কি একটি কলম ?

উত্তরের সাবলীল বাংলা: হ্যাঁ, এটি একটি কলম।

ইংরেজি বাক্যের অংশ: **IT IS NOT**

ইট্ ইয্ নট্

এটি হয় না

বাংলা অর্থ: এটি না / এটি নয়।




চিত্র : Pen

৩. প্রশ্ন **IS THIS A PEN ?**

ইয্ দিস্ আ পেন্ ?

**এটি কি** একটি কলম

প্রশ্নের সাবলীল বাংলা: এটি কি একটি কলম ?



চিত্র : Pencil

উত্তর No, **it is not** a pen, but it is a pencil.

নো, **ইট্ ইয্ নট্** আ পেন্, বাট্ ইট্ ইয্ আ পেন্সিল্।

না, **এটি নয়** একটি কলম, কিন্তু এটি হয় একটি পেন্সিল।

উত্তরের সাবলীল বাংলা: না, এটি কলম নয়, কিন্তু এটি একটি পেন্সিল।

**Student-এর প্রশ্ন:** Is this a pen? স্যার, বাক্যের মধ্যে তো ***what*** শব্দটি নেই। তাহলে এটির বাংলা অর্থে **"কি"** শব্দটি কিভাবে এসেছে ?

**উত্তর:** Is it a car ? (এটা কি একটা গাড়ী ?)


Is it a box ? (এটা কি একটা বাক্স ?)

Is he a student ? (সে কি একজন ছাত্র ?)

৪. প্রশ্ন **IS THIS A PENCIL ?**

ইয্ দিস্ আ পেন্‌সিল্ ?

এটি কি একটি পেন্সিল ?




প্রশ্নের সাবলীল বাংলা: এটি কি একটি পেন্সিল ?

উত্তর: No, **it is not** a pencil, but it is a book.

নো, ইট্ ইয্ নট্ আ পেন্‌সিল্, বাট্ ইট্ ইয্ আ বুক্।

না, **এটি নয়** একটি পেন্সিল, কিন্তু এটি হয় একটি বই।

উত্তরের সাবলীল বাংলা: না, এটি পেন্সিল নয়, এটি একটি বই।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন,
কিন্তু **English-য়েই অর্থ বোঝার চেষ্টা করুন**

**এমন আরো বাক্য নিজে বলো।**

01. It is not a toy (টয়্), **but** it is a glass (গ্লাস)
02. It is not a chair (চেয়ার্), **but** it is a table (টেবিল)
03. It is not a watch (ওয়াচ্), **but** it is a switch (সুইচ্)
04. It is not a TV (টিভি), **but** it is a radio (রেডিও)
05. It is not a carpet (কার্পেট), **but** it is a bag (ব্যাগ)
06. It is not a cow (গরু), **but** it is a cat (বিড়াল)
07. It is not a tiger (বাঘ), **but** it is a lion (সিংহ)
08. It is not a mobile (মোবাইল), **but** it is a tab (ট্যাব)
09. It is not a desktop (ডেস্কটপ), **but** it is a laptop (ল্যাপটপ)
10. It is not a glass (গ্ল্যাস্), **but** it is a jug (জাগ্)


## নতুন শব্দ শিখি ও বাক্য বানানো practice করা যাক:

**LONG** (লং) **-** লম্বা; **SHORT** (শর্ট্) **-** বেঁটে / খাটো; **THE** (দা) - টা / টি

৫. প্রশ্ন ইংরেজি বাক্য : **IS THIS PENCIL SHORT ?**

উচ্চারণ : {**ইয্ দিস্**} পেন্সিল্ শর্ট্ ?

আক্ষরিক অর্থ : {**এটা কি**} পেন্সিল খাটো ?



প্রশ্নের সাবলীল বাংলা এই পেন্সিলটি কি খাটো ?

উত্তর No, this pencil is not short, but it is long.

নো, {দিস্ পেন্সিল্ ইয্ নট্} শর্ট্, বাট্ ইট্ ইয্ লং ।

না, {এই পেন্সিলটি নয়} খাটো, কিন্তু এটি হয় লম্বা

উত্তরের সাবলীল বাংলা না, এই পেন্সিলটি খাটো নয়, এটি লম্বা।

৬. প্রশ্ন ইংরেজি বাক্য : **IS THIS PENCIL LONG ?**

উচ্চারণ : {**ইয্ দিস্**} পেন্সিল্ লং ?

পৃথক পৃথক শব্দের অর্থ : {**এটা কি**} পেন্সিল লম্বা



বাক্যটির শব্দগত অর্থ : এটা কি পেন্সিল লম্বা ? সাবলীল বাংলা এই পেন্সিলটি কি লম্বা ?

উত্তর No, this pencil is not long, but it is short.

নো, {দিস্ পেন্সিল্ ইয্ নট্} লং, বাট্ ইট্ ইয্ শর্ট্।

না, {এই পেন্সিলটি নয়} লম্বা, কিন্তু এটি হয় খাটো

উত্তরের সাবলীল বাংলা না, এই পেন্সিলটি লম্বা নয়, এটি খাটো।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন,
কিন্তু **English-য়েই অর্থ বোঝার চেষ্টা করুন**

01. This road (রোড) is not **long,** but it is short.
02. This rope (রোপ) is not **long,** but it is short.
03. This stick (ষ্টিক) is not **long,** but it is short.
04. This river (রিভার) is not **long,** but it is short.

*Long, short* শব্দদুটো তথ্য দিচ্ছে **জিনিসটা কেমন লম্বা, না ছোট**। **গ্রামারবিদগণ** এই ধরনের শব্দকে বলেন **adjective** (অ্যাড্জেকটিভ্) বা বিশেষণ।

## চলুন নতুন শব্দ শিখি

**LARGE (লার্জ) - বড়; SMALL (স্মল্) - ছোট**

বিশেষণ = **adjective** (অ্যাজেকটিভ্)

**এই নতুন শেখা শব্দ দিয়ে চলুন বাক্য বানানো Practice করা যাক:**

ইংরেজি বাক্যের অংশ — **IS THE BOX ?**
ইয্ দা বক্স ?
হয় টি বাক্স ?

সাবলীল বাংলা — বাক্সটি কি ?

৭. প্রশ্ন — **IS THE BOX LARGE ?**
ইয্ দা বক্স লার্জ ?
বাক্সটি কি বড়

প্রশ্নের সাবলীল বাংলা — বাক্সটি কি বড় ?

উত্তর — No, **the box is not** large,
নো, দা বক্স ইয্ নট্ লার্জ,
না, বাক্সটি না বড়,

but it is small.
বাট্ ইট্ ইয্ স্মল্।
কিন্তু এটি হয় ছোট

উত্তরের সাবলীল বাংলা — না, বাক্সটি বড় নয়, কিন্তু এটি ছোট।

এই বইয়ের প্রথম 25 page **এখনই** এক বসাতে **মাত্র ৩৯ মিনিটে** ১ বার শেষ **করে ফেলো !**

৮. প্রশ্ন — **IS THE ROOM SMALL ?**
ইয্ দা রুম্ স্মল্ ?
ঘরটি কি ছোট

প্রশ্নের সাবলীল বাংলা — ঘরটি কি ছোট ?

উত্তর — No, **the room is not** small, but it is large.
নো, দা রুম্ ইয্ নট্ স্মল্, বাট্ ইট্ ইয্ লার্জ।
না, ঘরটি নয় ছোট, কিন্তু এটি হয় বড়

উত্তরের সাবলীল বাংলা — না, ঘরটি ছোট নয়, কিন্তু এটি বড়।

৯. প্রশ্ন **IS THE TABLE SMALL ?**

ইয্ দা টেইব্ল্ স্মল্ ?
টেবিলটি কি ছোট



প্রশ্নের সাবলীল বাংলা টেবিলটি কি ছোট ?

উত্তর

**No, the table is not small, but it is large.**

নো, দা ঠেইব্ল্ ইয্ নট্ স্মল্, বাট্ ইট্ ইয্ লার্জ।
না, টেবিলটি না ছোট, কিন্তু এটি হয় বড়।

উত্তরের সাবলীল বাংলা না, টেবিলটি ছোট নয়, এটি বড়।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন
কিন্তু **English-য়েই অর্থ বোঝার চেষ্টা করুন**

ক) This ball (বল) is not **large,** but it is small.
খ) This school (স্কুল) is not **large,** but it is small.
গ) This area (এরিয়া) is not **large,** but it is small.
ঘ) This market (মার্কেট) is not **small,** but it is large.
ঙ) This problem (প্রবলেম = সমস্যা) is not **small,** but it is big.
চ) This park (পার্ক) is not **small,** but it is large.

এই ধরনের **sentence**-গুলোতে **'but'**-এর আগে একটা পুরো বাক্য ও **but**-এর পরে আরেকটা পুরো বাক্য। **গ্রামারবিদগণ** এই ক, খ, গ, ঘ, ঙ ধরনের বাক্যের নাম দিয়েছেন **Compound** sentence বা **যৌগিক বাক্য।**

**উপরের বাক্যগুলো বুঝে বুঝে নিচে এবং আপনার খাতায় লিখুন :**

1. *This ball* ...
2. *This* ...
3. 

## চলুন নতুন শব্দ শিখি !

**CITY** (সিটি) - বড় শহর; **TOWN** (টাউন্) - ছোট শহর; **VILLAGE** (ভিলেইজ্) - গ্রাম

**এই নতুন শেখা শব্দ দিয়ে চলুন বাক্য বানানো Practice করা যাক:**

city, town, village হলো **Noun**। আর দুনিয়াতে city, town ও village **আছে হাজার হাজার।** তার মানে, এগুলো হলো **একটা কমন জিনিস।** তাই, গ্রামারবিদগণ এই ধরনের শব্দকে বলেন **Common Noun।**

১০. প্রশ্ন **IS DHAKA A VILLAGE ?**

| ইয্ ঢাকা | আ | ভিলেইজ্ | ? |
|---|---|---|---|
| **ঢাকা কি** | একটি | গ্রাম | |

প্রশ্নের সাবলীল বাংলা — ঢাকা কি একটি গ্রাম ?

উত্তর No, **Dhaka is not** a village, but it is a city.

| No, | Dhaka is not | a | village, | but | it | is | a | city. |
|---|---|---|---|---|---|---|---|---|
| নো, | ঢাকা ইয্ নট্ | আ | ভিলেজ্, | বাট্ | ইট্ | ইয্ | আ | সিটি। |
| না, | **ঢাকা না** | একটি | গ্রাম, | কিন্তু | এটি | হয় | একটি | বড় শহর |

উত্তরের সাবলীল বাংলা — না, ঢাকা একটি গ্রাম নয়, এটি একটি বড় শহর।

১১. প্রশ্ন **IS TONGI A CITY ?**

| ইয্ টঙ্গী | আ | সিটি | ? |
|---|---|---|---|
| **টঙ্গী কি** | একটি | বড় শহর | |

কোনো **confusion** থাকলে **SMS** করুন রজব স্যারকে: **01404 43 21 28**

প্রশ্নের সাবলীল বাংলা — টঙ্গী কি একটি বড় শহর ?

উত্তর No, **Tongi is not** a city, but it is a town.

| No, | Tongi is not | a | city, | but | it | is | a | town. |
|---|---|---|---|---|---|---|---|---|
| নো, | **টঙ্গী ইয্ নট্** | আ | **সিটি,** | বাট্ | ইট্ | ইয্ | আ | **ঠাউন্।** |
| না, | **টঙ্গী নয়** | একটি | **বড় শহর,** | কিন্তু | এটি | হয় | একটি | **ছোট শহর** |

উত্তরের সাবলীল বাংলা — না, টঙ্গী বড় শহর নয়, এটি একটি ছোট শহর।

১২. প্রশ্ন **IS BURIGANGA A TOWN ?**

ইয্ বুড়িগঙ্গা আ {ঠাউন্} ?
বুড়িগঙ্গা কি একটি {ছোট শহর} ?

প্রশ্নের সাবলীল বাংলা: বুড়িগঙ্গা কি একটি ছোট শহর ?

উত্তর: No, **Buriganga is not** a town, but it is a river.
নো, {বুড়িগঙ্গা ইয্ নট্} আ {ঠাউন্,} বাট্ ইট্ ইয্ আ রিভার্।
না, {বুড়িগঙ্গা নয়} একটি {ছোট শহর,} কিন্তু এটি হয় একটি নদী

উত্তরের সাবলীল বাংলা: না, বুড়িগঙ্গা ছোট শহর নয়, এটি একটি নদী।

১৩. প্রশ্ন

**IS THE PENCIL LONG OR SHORT ?**
{ইয্ দা পেন্সিল্} লং অর্ শর্ট্ ?
{পেন্সিলটি কি} লম্বা অথবা ছোট ?

প্রশ্নের সাবলীল বাংলা: পেন্সিলটি কি লম্বা নাকি ছোট ?

উত্তর

**The pencil** is long.
{দা পেন্সিল্} ইয্ লং।
{পেন্সিলটি} হলো লম্বা।

বাংলা সাবলীল: পেন্সিলটি লম্বা।

১৪. প্রশ্ন **IS A TOWN LARGE OR SMALL ?**

{ইয্ আ ঠাউন্} লার্জ অর্ স্মল্ ?
{একটা শহর কি} বড় অথবা ছোট

প্রশ্নের সাবলীল বাংলা: একটা শহর কি বড়, নাকি ছোট ?

উত্তর: A town is small.
আ ঠাউন্ ইয্ স্মল্।
একটি টাউন হয় ছোট

উত্তরের সাবলীল বাংলা: একটা টাউন হলো ছোট।

## চলুন নতুন শব্দ শিখি

**MAN** (ম্যান্) - পুরুষ; **WOMAN** (ওম্যান্) - মহিলা; **BOY** (বয়্) - ছেলে; **GIRL** (গার্ল্) - মেয়ে

**এই নতুন শেখা শব্দ দিয়ে চলুন বাক্য বানানো Practice করা যাক:**

১৫. প্রশ্ন


| | | | | | |
|---|---|---|---|---|---|
| ইংরেজি বাক্য | : | **WHAT** | **IS** | **THIS** | **?** |
| উচ্চারণ | : | হোয়াট্ | ইয্ | দিস্ | ? |
| আক্ষরিক অর্থ | : | কী | হয় | এটা | |

প্রশ্নের সাবলীল বাংলা — এটা কী ?

উত্তর

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| This | is | a | man / | woman | / | boy | / | girl | **etc (et cetera).** |
| দিস্ | ইয্ | আ | ম্যান্ / | ওম্যান্ | / | বয় | / | গার্ল | **এট্ সেট্রা।** |
| এটি | হয় | একজন | পুরুষ / | মহিলা | / | বালক | / | বালিকা | **ইত্যাদি** |

উত্তরের সাবলীল বাংলা — ইনি একজন পুরুষ / মহিলা / বালক / বালিকা ইত্যাদি।



চিত্র : boy

১৬. প্রশ্ন


| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ইংরেজি বাক্য | : | **IS** | **THIS** | **A** | **GIRL ?** |
| উচ্চারণ | : | **ইয্** | **দিস্** | আ | গার্ল | ? |
| আক্ষরিক অর্থ | : | **এটা কি** | | একটি | বালিকা | |

প্রশ্নের সাবলীল বাংলা — সে কি একটি বালিকা ?

উত্তর

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ইংরেজি বাক্য : | No, | **this is not** | a | girl, | but | this | is | a | boy. |
| উচ্চারণ : | নো, | **দিস্ ইয্ নট্** | আ | গার্ল, | বাট্ | দিস্ | ইয্ | আ | বয়্। |
| আক্ষরিক অর্থ : | না, | **এটি নয়** | একটি | বালিকা, | কিন্তু | এটি | হয় | একটি | বালক |

উত্তরের সাবলীল বাংলা — না, সে বালিকা নয়, সে একটি বালক।



১৭. প্রশ্ন **IS THIS A MAN ?**

| | | | |
|---|---|---|---|
| **ইয্ দিস্** | আ | ম্যান | ? |
| **এটা কি** | একজন | পুরুষ | ? |

প্রশ্নের সাবলীল বাংলা — তিনি কি একজন পুরুষ ?

উত্তর

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| No, | **this is not** | a | man, | but | this | is | a | woman. |
| নো, | **দিস্ ইয্ নট্** | আ | ম্যান, | বাট্ | দিস্ | ইয্ | আ | ওম্যান্। |
| না, | **এটি নয়** | একজন | পুরুষ, | কিন্তু | এটি | হয় | একজন | মহিলা |

উত্তরের সাবলীল বাংলা — না, তিনি পুরুষ নন, কিন্তু তিনি একজন মহিলা।

১৮. প্রশ্ন **IS THIS A WOMAN ?**

ইয্ দিস্ আ ওম্যান্ ?

এটা কি একজন মহিলা

প্রশ্নের সাবলীল বাংলা ইনি কি একজন মহিলা ?

উত্তর No, **this is not** a woman, but this is a boy.

নো, দিস্ ইয্ নট্ আ ওম্যান্, বাট্ দিস্ ইয্ আ বয়।

না, **এটি নয়** একজন মহিলা, কিন্তু এটি হয় একটি বালক

উত্তরের সাবলীল বাংলা না, সে মহিলা নয়, কিন্তু সে একটি বালক।

১৯. প্রশ্ন **IS THIS A BOY ?**

ইয্ দিস্ আ বয় ?

এটা কি একটি বালক

প্রশ্নের সাবলীল বাংলা সে কি একটি বালক ?



চিত্র : girl

উত্তর No, **this is not** a boy, but this is a girl.

নো, দিস্ ইয্ নট্ আ বয়, বাট্ দিস্ ইয্ আ গার্ল।

না, **এটি নয়** একটি বালক, কিন্তু এটি হয় একটি বালিকা

উত্তরের সাবলীল বাংলা না, সে বালক নয়, বরং সে একটি বালিকা।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন কিন্তু **English-য়েই অর্থ বোঝার চেষ্টা করুন**







1. This is not a microbus (মাইক্রবাস), but it is a rickshaw (রিকশা).
2. This is not a train (ট্রেন), but it is a launch (লন্চ).
3. This is not a hospital (হসপিটাল), but it is a shop (শপ).

## চলুন নতুন শব্দ শিখি

**ON** (অন্) - উপরে; **UNDER** (আন্ডার্) - নিচে; **IN** (ইন্) - ভিতরে

এই নতুন শব্দগুলো বস্তুর অবস্থান বা *position*-এর আগে বসে। তাই গ্রামারবিদগণ এগুলোর নাম দিয়েছেন **Prepostion**।

**এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো যাক:**

২০. প্রশ্ন **IS THE PEN IN THE BOOK?**

ইয্ দা পেন্ ইন্ দা বুক্ ?

কলমটি কি মধ্যে বইটি

প্রশ্নের সাবলীল বাংলা কলমটি কি বইটির ভিতরে ?

উত্তর

No, **the pen is not in the book,** but it is under **the book**.

নো, দা পেন্ ইয্ নট্, ইন্ দা বুক্, বাট্ ইট্ ইয্ আন্ডার্ দা বুক্।


না, কলমটি নয় বইটির ভিতরে, কিন্তু এটি হয় নিচে বইটির ।

উত্তরের সাবলীল বাংলা না, কলমটি বইটির ভিতরে নয়, এটি বইটির নিচে।

২১. প্রশ্ন **IS THE PEN UNDER THE BOOK?**

ইয্ দা পেন্ আন্ডার্ দা বুক্ ?

কলমটি কি নিচে বইটি



প্রশ্নের সাবলীল বাংলা কলমটি কি বইয়ের নিচে ?

উত্তর No, **the pen is not** under **the book,** but it is on **the book**.

নো, দা পেন্ ইয্ নট্, আন্ডার্ দা বুক্, বাট্ ইট্ ইয্ অন্ দা বুক্।

না, কলমটি না, নিচে বইটি, কিন্তু এটি হয় উপরে বইটি

উত্তরের সাবলীল বাংলা না, কলমটি বইটির নিচে নয়, এটি বইটির উপরে।

নিচের বাক্যগুলো জোরে জোরে উচ্চারণ করুন কিন্তু **English-য়েই অর্থ বোঝার চেষ্টা করুন**

1. The bottle is not **under** the table, but it is **on** the table.
2. The cap is not **under** the book, but it is **on** the book.
3. The glass is not **under** the floor, but it is **on** the chair.

